# সরকারের একটি অংশ নানা অপকৌশলে লিপ্ত: তারেক রহমান



তারেক রহমান: সংগৃহীত ছবি

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান অভিযোগ করেছেন, অন্তর্বর্তী সরকারের একটি অংশ নানা ধরনের অপকৌশল অবলম্বন করছে, যা দেশের ভবিষ্যৎ গণতান্ত্রিক অগ্রযাত্রাকে হুমকির মুখে ফেলছে। তিনি বলেন, অগ্রাধিকারের ক্ষেত্রে তাদের সিদ্ধান্ত গ্রহণে যথাযথ বিচক্ষণতা থাকছে কি না—এটি এখন বড় প্রশ্ন।

বুধবার (৩০ জুলাই) সাভারের আশুলিয়ার দারুল ইহসান মাদরাসা মাঠে 'নারকীয় আশুলিয়া' শীর্ষক এক সমাবেশে ভার্চুয়ালি যুক্ত হয়ে তিনি এসব কথা বলেন।

তারেক রহমান আরও বলেন, ফ্যাসিবাদী অপশক্তি রাষ্ট্র ও রাজনীতিতে পুনরায় প্রতিষ্ঠার সুযোগ খুঁজছে। সরকারের ভুল সিদ্ধান্ত গণতান্ত্রিক উত্তরণের পথকে বিপন্ন করে তুলতে পারে। একই সঙ্গে উগ্রবাদ ও ফ্যাসিবাদ মাথাচাড়া দিয়ে উঠতে পারে।

তিনি বলেন, বিএনপি বিশ্বাস করে জনগণের রাজনৈতিক ক্ষমতায়ন নিশ্চিত করার অন্যতম প্রধান মাধ্যম হলো অবাধ ও নিরপেক্ষ নির্বাচন। এ কারণেই দলটি সবসময় সুষ্ঠু ভোটের দাবিকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে আসছে।

LENS ASIA

সমাবেশে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিদেশে বসে বিভিন্ন অডিও বার্তার মাধ্যমে দেশে বিশৃঙ্খলা তৈরির চেষ্টা করছেন। তিনি জনগণকে এ বিষয়ে সতর্ক থাকার আহ্বান জানান।

মির্জা ফখরুল বলেন, 'ক্ষমতা ধরে রাখতেই শেখ হাসিনা গুলি চালিয়ে সাধারণ মানুষ হত্যা করেছেন। সংস্কার নিয়ে বহু আলোচনা হলেও এখনও পর্যন্ত শেখ হাসিনা ও তার সহযোগীদের বিরুদ্ধে কোনো দৃশ্যমান বিচার হয়নি।'

তিনি আরও বলেন, বহু হতাহত পরিবার এখনও রাষ্ট্রীয় সহায়তা থেকে বঞ্চিত। এসব বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণে মাঠ প্রশাসনকে সক্রিয়ভাবে কাজে লাগাতে সরকারের প্রতি আহ্বান জানান তিনি।